# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

**BENGALI**

*India's National Spiritual Newspaper*

₹ 10/-

REACHING NATIONS

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

**Editor :** S. SAM SELVA RAJ | 16 Languages | **Associate Editor: Rev. Dr.** ANJAN KUMAR SINGH

**Vol. XXV** SEPTEMBER 2023 **No.** 07


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীত ১০১:১-৮

১। আমি তোমার প্রেম ও ন্যায়পরায়ণতার সম্পর্কে গাইব; তোমার প্রতি, হে সদাপ্রভু, আমি স্তবগান করব।

২। সতর্ক হয়ে আমি নির্দোষ জীবন কাটাব— কখন তুমি আমার কাছে আসবে? আমি নিজের গৃহে সততার সঙ্গে জীবন কাটাব।

৩। যা কিছু জঘন্য ও কুরুচিপূর্ণ তা দেখতে আমি অস্বীকার করবো। আমি ভ্রষ্টাচারীদের কার্যসকল ঘৃণা করি;তাদের সঙ্গে আমি কোনো সম্বন্ধ রাখব না।

৪। যে হৃদয়ে বিকৃত সে আমার থেকে দূরে থাকবে; আমি সমস্ত প্রকার মন্দ থেকে দূরে থাকব।

৫। যে কেউ গোপনে প্রতিবেশীর অপবাদ করে, আমি তাকে উচ্ছেদ করব; যার দৃষ্টি উদ্ধত ও হৃদয়ে অহঙ্কারী, আমি তাকে সহ্য করব না।

৬। দেশের বিশ্বস্তদের প্রতি আমার দৃষ্টি থাকবে,যেন তারা আমার সঙ্গে বাস করতে পারে; যে সিদ্ধ পথে চলে সে আমার পরিচর্যা করবে।

৭। যারা প্রতারক তারা কেউ আমার গৃহে বাস করবে না; যারা মিথ্যা কথা বলে তারা আমার সম্মুখে দাঁড়াবে না।

৮। প্রত্যেক সকালে, দেশের সব দুষ্টদের আমি নাশ করব; সদাপ্রভুর নগর থেকে আমি সব অনিষ্টকারীদের উচ্ছেদ করব।



# ভয় কোরো না!

## যিশাইয় ৪১:১০

## বাণী যা আপনার বিশ্বাস ঘোষণা করবে!

## গভীরভাবে পড়ুন!!

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ**

কয়েক জন লোক বলতে থাকে, "প্রত্যেক দিন সকালে আমি বিভিন্ন রকমের সমস্যার সম্মুখীন হওয়ার জন্য ঘুম থেকে উঠি যা বর্ণনা করা যায় না।" সেই সমস্যগুলি হচ্ছে — শারীরিক এবং আবেগজনিত এবং পারিবারিক। অনেকে ক্লেশের পর ক্লেশের দ্বারা আহত হন এবং তারা দুশ্চিন্তায় ভোগেন। তারা মাঝে মাঝেই বলেন,"আমার পক্ষে এতো সমস্যা সামলানো সম্ভব হচ্ছে না। আমার সমস্যাগুলো আমাকে পরাজয়ের পথে চালিত করছে! আমার আর এই সমস্যাগুলির সঙ্গে লড়াই করার শক্তি নেই। কীভাবে আমি এর সমাধান করবো?" এটাই আজকে আপনার অভিজ্ঞতা হতে পারে!

আমাদের পরিচর্যা প্রতিদিন সাধুদের কাছ থেকে এই ধরণের অসংখ্য চিঠি লাভ করে যারা অত্যধিক কঠিন পরিস্থিতির মধ্যে দিয়ে যাচ্ছেন। বেশ কয়েক দিন আগে, আমি প্রায় অর্ধেক দিন এই ধরণের চিঠিগুলো পাঠ করে কাটিয়েছি:

এক ধার্মিকা মহিলা জানিয়েছিলেন: "আমি পঁয়ত্রিশ বছরের বেশী বিবাহিত জীবন কাটাচ্ছি এবং এখন আমি ঠাকুমা। কিন্তু এখন আমার স্বামীর দ্বারা আমাদের পরিবার ধ্বংস হয়ে যাচ্ছে। তিনি একজন ঈশ্বরের অভিষিক্ত

*(ক্রমশঃ ৩ পৃষ্ঠায়)*

তাঁর আহ্বানের প্রতিধ্বনি

## ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!



আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

Message, pray er in 5 minutes!!

৫ মিনিটের বাণী!!

ইংরাজী এবং হিন্দি
প্রত্যেক দিন ভোর ৪টে

তামিল এবং তেলেগু - ভোর ৫টা
তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



**আমাদের মিশনের নীতি**

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।


**CHIEF EDITOR**

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**ADMINISTRATION**

Bro. N. Prakasam, M.A., General Manager
Dr. Rabinder Boaz, M.S.
Bro. K. Puratchivendan

**EDITORIAL BOARD**

Sis. Jesy Veena Sam
Sis. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Dr. A. Richard Samuel, M.A., Ph.D.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 95661 31858

**E.mail ID**

sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**

www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**

Echo of His Call


> ‘তোমার মধ্যে নগণ্যতম জন এক সহস্রের সমান হবে, ক্ষুদ্রতম জন হবে এক শক্তিশালী জতিস্বরূপ। আমিই সদাপ্রভু; যথাসময়ে আমি তা দ্রুত সম্পন্ন করব।”
>
> – যিশাইয় ৬০:২২

প্রভুতে প্রিয়তম ভাই ও বোনেরা,

আমাদের প্রভু এবং ত্রাণকর্তা যীশু খ্রীষ্টের নামে আমরা আপনাদের শুভেচ্ছা জানাই!

আমরা বিশ্বাস করি আপনারা সকলে ভালো আছেন। আমরা প্রত্যেক দিন আপনাদের জন্য প্রার্থনা করি। যেহেতু ঈশ্বর আপনাদের সঙ্গে আছেন, সুতরাং সাহসী হন।

আমাদের পরিচর্যার সঙ্গে সম্পর্কযুক্ত আমাদের সাম্প্রতিক সমস্ত ভ্রমণগুলিকে এবং আমাদের সমস্ত প্রয়াস এবং কার্যকলাপগুলিকে প্রভুর পরাক্রমী হাত পরিচালনা করে আসছেন। প্রভু যীশু খ্রীষ্ট বিনিদ্রভাবে দিনরাত আমাদের সহবর্তী আছেন। স্বর্গীয় পিতা আপনাদের প্রচুর রূপে আশীর্বাদ করুন।

আমাদের পরিচর্যা কাজে ঈশ্বরের অনেক দাস আছেন, এবং তাদের পরিবারের অনেকে অসুস্থ। এটি দুর্ভাগ্যবশতঃ পুরো উদ্যমে তাদের কর্তব্যগুলি সম্পূর্ণ করার পথে বিঘ্নতা সৃষ্টি করেছে। এই বিষয়ে আমরা আপনাদের আন্তরিক প্রার্থনা চাই। এটি অত্যন্ত জরুরী এবং গুরুত্বপূর্ণ।

অত্যন্ত দুঃখজনকভাবে আমাদের দৃষ্টিগোচরে এসেছে যে আপনারা অনেকেই আমাদের মাসিক পত্রিকাটি, তাঁর আহ্বানের প্রতিধ্বনি পাচ্ছেন না, যা আমরা প্রতিমাসে অনেক কষ্ট করে আপনাদের পাঠাচ্ছি।

কী ঘটছে তা খুঁজে বের করার জন্য আমরা আপ্রাণ চেষ্টা করছি, যেহেতু, আমাদের কাছে বিভিন্ন কারণ দেখিয়ে বহু পত্রিকা ফেরত আসছে, যেমন দরজা বন্ধ ছিল, অন্য কোথায় চলে গেছে, মারা গেছে এবং গ্রহণ করতে অস্বীকার করেছে ইত্যাদি। পরে আমরা দেখতে পাচ্ছি এর মধ্যে বেশ কিছু কারণ সঠিক নয়। প্রিয় পাঠক, আমরা কোনও ভাবে আপনাদের সহভাগিতা হারাতে চাই না, কারণ আপনারা আমার কাছে বিশিষ্ট! সুতরাং আপনি অথবা আপনার বন্ধুরা যদি নির্দিষ্ট দিনের মধ্যে আমাদের পত্রিকাটি না পান,তাহলে অনুগ্রহ করে পত্র,ই-মেইল, ওয়াটসঅ্যাপ, এস এমএসের মাধ্যমে অথবা টেলিফোনের মাধ্যমেব আমাদের জানান। অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা আমাদের জানান, যাতে আমরা আবার সঠিকভাবে আপনাদের পত্রিকাটি পাঠাতে পারি। এছাড়াও আপনাদের ই-মেল ঠিকানা পাঠান। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন!

আমরা নিম্নলিখিত তারিখে আমাদের মাসিক পত্রিকা, আহ্বানের প্রতিধ্বনি নিয়মিত ডাক মারফত এবং ই-মেলের মাধ্যমে ১৬টি ভাষায় আপনাদের কাছে পাঠিয়ে দিই, এর জন্য আমাদের কর্মীরা কঠোর পরিশ্রম করে:

| | | |
|---|---|---|
| ১। তামিল | - | আগের মাসের ২৮ তারিখে |
| ২। ইংরাজী | - | প্রত্যেক মাসের ২ তারিখে |
| ৩। সিনহলা | - | প্রত্যেক মাসের ২ তারিখে |
| ৪। আফ্রিকান | - | প্রত্যেক মাসের ৪ তারিখে |
| ৫। মালায়ালাম | - | প্রত্যেক মাসের ৪ তারিখে |
| ৬। তেলুগু | - | প্রত্যেক মাসের ৬ তারিখে |
| ৭। হিন্দি | - | প্র্যত্যেক মাসের ৯ তারিখে |

| | | |
|---|---|---|
| ৮। কন্নড় | - | প্রত্যেক মাসের ১০ তারিখে |
| ৯। মারাঠি | - | প্রত্যেক মাসের ১২ তারিখে |
| ১০। অহমিয়া | - | প্রত্যেক মাসের ১২ তারিখে |
| ১১। বাংলা | - | প্রত্যেক মাসের ১৪ তারিখে |
| ১২। উর্দু | - | প্রত্যেক মাসের ১৪ তারিখে |
| ১৩। নেপালী | - | প্রত্যেক মাসের ১৬ তারিখে |
| ১৪। গুজরাটি | - | প্রত্যেক মাসের ১৬ তারিখে |
| ১৫। উড়িয়া | - | প্রত্যেক মাসের ১৮ তারিখে |
| ১৬। পাঞ্জাবী | - | প্রত্যেক মাসের ২০ তারিখে |



এছাড়াও ঐ নির্দিষ্ট দিনগুলিতে আমাদের www.echoofhiscall.org ওয়েব সাইটে এই পত্রিকাগুলো আপলোড করা হয়। সুতরাং অনুগ্রহ করে এই বিকল্প ব্যবস্থাগুলোও ব্যবহার করুন। এই পত্রিকাটি গ্রহণ করতে আপনাকে সাহায্য করার জন্য ৭৫ জন কর্মী কঠোর পরিশ্রম করছেন। আহ্বানের প্রতিধ্বনির বাণীগুলো প্রথমে ইংরাজীতে অনুবাদ করা হয়। তারপর বিভিন্ন ভাষায় প্রকাশিত পত্রিকার সহযোগী সম্পাদকদের দ্বারা ১৫টি ভাষায় অনুবাদ করা হয় এবং তারপর টাইপ করা হয় এবং আহ্বানের প্রতিধ্বনির প্যাটার্ন অনুসারে পৃষ্ঠগুলিকে সাজিয়ে নেওয়া হয়।

প্রত্যেকটি পৃষ্ঠা সাজিয়ে নেবার পর আমাদের প্রিন্টিং প্রেসের সাহায্যে সেটা ছাপা হয়, ভাঁজ করা হয়, এলাকা এবং রাজ্য হিসাবে পৃথক করা হয়, বাণ্ডিল তৈরী করা হয়, গাড়ীতে বোঝাই করা হয় এবং নির্ধারিত দিনগুলিতে ডাক বিভাগের নিয়ম অনুসারে ডাককর্মীদের কাছে হস্তান্তরিত করা হয়। অনুগ্রহ করে এই পরিচর্যার সঙ্গে যুক্ত ৭৫ জন কর্মীর বিষয় চিন্তা করবেন! যেহেতু সারা পৃথিবী ব্যাপী বিভিন্ন ভাষা, সংস্কৃতি এবং দেশ নির্বিশেষে এই পত্রিকাটি অসংখ্য লোকদের জীবনকে স্পর্শ করছে সেহেতু দিয়াবলের দৃষ্টি আমাদের কর্মীদের উপর আছে এবং তাদের আত্মিক যুদ্ধের সম্মুখীন হতে হচ্ছে। আপনি কি তাদের জন্য প্রার্থনা করবেন?

কীভাবে আপনি এই পরিচর্যার একটি অংশ হতে পারেন তা খুঁজে বের করার জন্য গভীরভাবে চিন্তা করুন।

আমাদের জন্য প্রার্থনা করার উদ্দেশে আমাদের প্রার্থনার অংশীদারদের প্রয়োজন এবং অবৈতনিক সমন্বয়কারীদের প্রয়োজন যারা তাদের নিজস্ব ভাষায় এই পত্রিকাটি পাঠ করবেন এবং প্রতিমাসে এই পত্রিকাটির উন্নতির জন্য তাদের পরামর্শ এবং বিভিন্ন ধারণা দেবেন। আমরা এই প্রকাশনা পরিচর্যাটিকে আরও কার্যকরী করে তুলতে চাই।

আমরা আগ্রহের সঙ্গে আপনার উত্তরের জন্য অপেক্ষা করছি এবং আমাদের সম্পাদকীয় কলামটি ধৈর্য্য সহকারে পাঠ করার জন্য আপনাদের আবার ধন্যবাদ দিই।

ঈশ্বরের শান্তি আপনাদের সহবর্তী হোক! আমেন।

যীশু খ্রীষ্টে আপনাদের ভাই,

**পাস্টর এস. স্যাম সেলভা রাজ এবং অ্যালেকস স্যামসন স্যাম।**

(+91) 98412 71858 / 98410 71858
E.mail : samselvaraj333@gmail.com

*(ক্রমশঃ, ১ পাতার পর)*

লোক ছিলেন এবং প্রায়ই তিনি প্রভুর দ্বারা ব্যবহৃত হয়েছিলেন। এখন তার মধ্যে থেকে সেই আগুন চলে গেছে। অনুগ্রহ করে তার জন্য এবং আমার পরিবারের জন্য প্রার্থনা করুন। তিনি এখন আর আমাকে ভালোবাসেন না, এবং আমি এখন অত্যন্ত অসুখী"।

সেই মহিলার জীবন অন্ধকারে আচ্ছাদিত হয়েছিল। তথাপি তিনি তার স্বামীকে ভালোবাসেন এবং তিনি চান তার স্বামী যেন দুষ্টতার পথ থেকে বের হয়ে আসেন এবং ঈশ্বরের কাছে গ্রাহ্য জীবন যাপন করেন। কিন্তু এখন তার সমস্ত আবেগগুলি শেষ হয়ে গেছে এবং তিনি একজন অসুস্থ মহিলায় পরিণত হয়েছেন। প্রায়ই তিনি অবাক হন, "হায়, ঈশ্বর, এই পরিস্থিতি আমাকে প্রায় ধ্বংস করে দিচ্ছে। আমার মনে হচ্ছে আমি আর এই কষ্ট সহ্য করতে পারবো না। আমি কীভাবে বাঁচতে পারি?"

আরেক জন মহিলা জানিয়েছেন: "আমি সাত বছর ধরে এক ভয়ঙ্কর আত্মিক সমস্যায় ভুগছি। আমার স্বামীর স্বাস্থ্যও ভালো নয়। আমাদের আর্থিক অবস্থা একেবারে ভেঙ্গে গেছে, যদিও আমরা কখনও বাজে বিষয়ে খরচ করি না। আর এখন আমার ৮৯ বছর বয়েসী বাবা ক্যানসার রোগে ভুগছেন। অনুগ্রহ করে আমাদের জন্য প্রার্থনা করবেন।"

প্রতিদিন এই মহিলাকে তার বাবার কষ্ট, অসুস্থ স্বামী, ভয়াবহ শারীরিক যন্ত্রণা এবং আর্থিক দুঃস্বপ্নের সম্মুখীন হতে হয়। আমি অবাক হয়ে চিন্তা করি যে সেই মহিলা কতবার ক্রন্দন করেন," হে প্রভু, আমার পক্ষে এই শত্রুগুলো অত্যন্ত শক্তিশালী। কীভাবে আমার মতো একজন দুর্বল, অসহায় ব্যক্তি সহ্য করতে পারবে? কীভাবে আমি এই সমস্যার সমাধান করবো?"

একজন পাস্টর লিখেছিলেন: "গত জুলাই মাসে আমার প্রস্টেট অপারেশন হয়েছিল যা ক্যানসারে ভর্তি ছিল। ডাক্তার এর চারিদিকে টিসুগুলোও বাদ দিয়েছিলেন এবং আমার জীবন কঠিন হয়েছিল। এখন আমার ডায়াবিটিস এবং পাকস্থলীতে আলসার আছে। আপনি কি আমার জন্য প্রার্থনা করতে পারবেন?

এই লোকটিকে প্রতিদিন কী দানবীয় শত্রুর সম্মুখীন হতে হয়! এখনও তার মধ্যে কিছুটা ক্যানসার থাকতে পারে এই আতঙ্কের মধ্যে তাকে জীবনযাপন করতে হয়। আর তাকে ডায়াবিটিসের সঙ্গে এবং আলসারের সঙ্গেও লড়াই করতে হয়। আমি আশ্চর্য হয়ে চিন্তা করি কতবার হয়তো সে ভাবে, "কীভাবে আমি অবিরত এই বিষয়গুলির সম্মুখীন হতে পারবো? কীভাবে আমি এর থেকে নিষ্কৃতি পাবো?"

প্রভুতে একজন বয়স্কা বোন লিখেছিলেন: "মার্চে আমার ৮১ বছর হবে, আর আমার আর্থারাইটিস এবং ডায়াবিটিস আছে। আমার পিঠ এবং পা দুটো দুর্বল, এবং আমাকে খুব কষ্ট করে হাঁটতে হয়। যেহেতু আমি একা থাকি, সেহেতু আমাকে নিজে সমস্ত ঘরের কাজ করতে হয়। আমার বেশী টাকা নেই এবং আত্মীয়স্বজনও নেই।

এই যন্ত্রণাকাতর মহিলাটিকে প্রতিদিন সকালে উঠতে যে কষ্ট করতে হয়, রান্না করতে যে সংগ্রাম করতে হয়, তার ঘরদোর পরিষ্কার করতে যে কঠিন চাপ সহ্য করতে হয়, সেই বিষয়গুলি আমি দেখি—

তাকে সাহায্য করার মতো কেউ নেই। তিনি হয়তো এক সময় মনে করেছিলেন, "কীভাবে আমি আরেকটি দিন অতিবাহিত করবো? আমি যখন বিছানা থেকে উঠতে পারবো না তখন কী হবে?"

আরেক জন প্রিয় বোন লিখেছিলেন: "আমি সবেমাত্র আমার স্বামীর কাছ থেকে খবর পেলাম যে তার কণ্ঠনালী ক্যানসারে আক্রান্ত হয়েছে এবং এখন তার ক্যানসার অন্তিম পর্যায়ে এসে গেছে। সে একজন ধার্মিক স্বামী এবং আমার চোদ্দ বছরের ছেলের একজন অপূর্ব পিতা। প্রার্থনা করুন আমি যেন শক্তিশালী থাকি, এবং এর মধ্যে দিয়ে আমার বিশ্বাস যেন বৃদ্ধি পায়"।

যারা আমাকে চিঠি লিখেছিলেন, তাদের অনেকের মতো এই হতভাগ্য মহিলা প্রতিদিন এই দানবীয় সমস্যার মোকাবিলা করার উদ্দেশ্যে শক্তির জন্য ক্রন্দন করছেন।

আমার জীবনে খ্রীষ্টানদের মধ্যে আমি কখনও এই ধরণেব ক্লেশ, কষ্টভোগ এবং যন্ত্রণার কথা শুনিনি—বিবাহসংক্রান্ত সংগ্রাম, আর্থিক সমস্যা, শারীরিক পরীক্ষা, সমাপ্তিহীন দুঃখভোগ। লোকেরা জিজ্ঞাসা করেন, "কীভাবে আমি এর সমাধান করতে পারি? আমার পক্ষে এই সমস্ত শত্রুরা অত্যন্ত শক্তিশালী। আমি দুর্বল, অসহায়, এই সমস্ত বিষয়ে কিছু করতে অক্ষম। হে প্রভু আমি কীভাবে এই বিষয়গুলি থেকে নিষ্কৃতি লাভ করতে পারি?"

সত্যটি হচ্ছে, এই সমস্ত ভয়ঙ্কর বিষয়গুলির কোনও কিছুই ঈশ্বরকে অবাক করতে পারে না। মানুষের জীবনে যা কিছু ভয়ঙ্কর ঘটনা ঘটে তা তিনি অনেক আগে থেকেই দেখতে পান, আমরা আজকের দিনগুলিতে যে সমস্ত সঙ্কট এবং সমস্যাগুলির সম্মুখীন হই সেই বিষয়গুলিও এর অন্তর্ভুক্ত। আর বাইবেল আমাদের বলে কীভাবে এই সমস্ত বিষয়গুলির মোকাবিলা করতে হবে তা ঈশ্বর আমাদের দেখাতে চান।

সদাপ্রভু মোশিকে দুটি আশার কথা বলেছিলেন যা আজকের দিনে আমাদের জন্যেও প্রাসঙ্গিক। আমরা যদি তাঁর নির্দেশনাগুলি সরলভাবে মেনে চলি, তাহলে আমরা কেবল এই সমস্ত সঙ্কটের বিষয়গুলি থেকে যে কেবল উত্তীর্ণ হতে পারবো তা নয়, কিন্তু আমরা বুঝতে পারবো যে সদাপ্রভু আমাদের জন্য তাঁর প্রতিজ্ঞাগুলি সম্পাদন করার বিষয়েও বিশ্বস্ত:

**১। ঈশ্বর আমাদের আদেশ দিয়েছেন আমরা যেন আমাদের কোনও শত্রুকে ভয় না করি !**

**"কিন্তু তোমরা তাদের ভয় কোরো না..."** (দ্বি: বি: ৭:১৮) । ইস্রায়েলের জন্যে "তাদের" বলতে প্রতিজ্ঞাত দেশে বিপুল অস্ত্র সুসজ্জিত পরজাতীয় জাতিগুলিকে বুঝানো হয়েছে যাদের মোকাবিলা তাদের করতে হবে। আজ আমাদের জন্যে, "তাদের" শব্দটির দ্বারা প্রত্যেকটি সমস্যা, ক্লেশ এবং জীবনে আমরা যে বিষয়গুলিকে বুঝানো হয়েছে।

আপনি জিজ্ঞাসা করতে পারেন, কেন আমরা ভয় করবো না? অন্য কোনও ব্যাখ্যার প্রয়োজন নেই! ঈশ্বর এটা বলেছেন! ঈশ্বর সর্বশক্তিমান, সর্ব বিষয়ে পর্যাপ্ত—আর তিনি জানেন আমাদের শয়তানের কী কী শক্তঘাঁটির মোকাবিলা করতে হবে। আমাদের প্রতি শয়তান কর্তৃক নিক্ষিপ্ত প্রতিটি ফাঁদ, ক্লেশ এবং পরীক্ষা কী কী আসতে পারে তা তিনি জানেন। আর তিনি আমাদের আদেশ দিয়েছেন, "তুমি তাদের মধ্যে কোনও কিছুকে ভয় পাবে না!"

ঈশ্বর অব্রাহামকে এই আদেশ দিয়েছিলেন। এখানে একটি অজানা দেশে একজন লোক বাস করছিলেন, চারিদিকে শক্তিশালী রাজারা পরিবেষ্ঠিত ছিল, তিনি জানতেন না তাঁর কী পরিণতি হবে। তথাপি তাঁর কাছে ঈশ্বরের প্রথম কথা ছিল, "ভয় কোরো না!" সদাপ্রভুর কাছ থেকে এই বাক্যটি একটি দর্শনের মাধ্যমে অব্রাহামের কাছে এসেছিল যেখানে বলা হয়েছিল, **"অব্রাহাম, ভয় কোরো না। আমি তোমার ঢাল, তোমার মহা পুরস্কার"** (আদি ১৫:১)।

শেষ উক্তিটির অর্থ হচ্ছে, "আমি তোমার চারিদিকে প্রাচীর তৈরী করবো, তোমার সুরক্ষা তৈরী করবো, তোমার প্রতিরোধ হবো"। অন্যভাবে বলা যায়, ঈশ্বর অব্রহামকে বলছিলেন, "তুমি অনেক সমস্যার সম্মুখীন হবে। কিন্তু সেই সমস্ত সমস্যা থেকে আমি তোমাকে সুরক্ষিত করবো"। অব্রাহাম তাঁর প্রতি কথিত ঈশ্বরের বাক্য বিশ্বাস করার দ্বারা উত্তর দিয়েছিলেন: ...**অব্রাহাম সদাপ্রভুকে বিশ্বাস করলেন, এবং তিনি তা অব্রাহামের পক্ষে ধার্মিকতা বলে গণ্য করলেন।** আদি ১৫:৬।

এই একই বার্তা অব্রাহামের পুত্র, ইস্‌হাকের কাছেও এসেছিল। তিনিও শত্রুতাপূর্ণ পরিবেশের মধ্যে বাস করেছিলেন, তিনি পলেষ্টীয়দের দ্বারা পরিবেষ্ঠিত ছিলেন যারা তাঁকে ঘৃণা করতো। শাস্ত্রে উল্লেখ করা হয়েছে যে যতবার তিনি জলের জন্য কূপ খনন করতেন, পলেষ্টীয়রা তা বন্ধ করে দিতো: ..**পলেষ্টীয়রা সে সকল বুজাইয়া ফেলিয়াছিল ও ধূলিতে পরিপূর্ণ করিয়াছিল।** আদি ২৬:১৫।

ইস্‌হাক যেখানেই যেতেন সেখানেই সেই এক সমস্যা থাকতো। এমনকী তিনি একটি কূপের নাম দিয়েছিলেন "এষক", যার অর্থ "বিবাদ"। স্পষ্টতঃই, ইস্‌হাক কিছুই অনুভব করেননি কিন্তু তাঁর জীবনে সংঘাত ছিল। তিনি নিশ্চয় চিন্তা করেছিলেন, "কীভাবে আমি আমার পরিবারকে খাওয়াবো এবং আমাদের পশুদের জল পান করাবো? আর কীভাবে আমি আমার সন্তানদের

(ক্রমশঃ, ৬ পাতায়)

नहेम्याह बाइबल कॉलेज
रेसिडेन्शल कॉलेज, चेन्नई।

माध्यमः हिन्दी

सदस्यता के लिए पंजीकृत उम्मीदवार - ATA

सुविख्यात अंतर्राष्ट्रीय मसीही अगुवे तथा पिछले 54 वर्षों से सेवारत वरिष्ठ पासवान

Diploma in Ministry : One year
Diploma in Theology : Two years
Bachelor of Theology : Three years

योग्यता 10 वी या अधिक
जल्दी करें!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ऑनलाइन कक्षाएं उपलब्ध हैं ★

# মহান আদেশ অংশীদারগণ

## ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে সেপ্টেম্বর,থেকে ১৮ই অকটোবর, ২০২৩)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**সেপ্টেম্বর ১৯** : তাঁর আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার ৫৫তম বর্ষপূর্তি অনুষ্ঠানটিকে ঈশ্বর আশীর্বাদ করেছেন।

**দিন ২০:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্বাদ করেছেন যা আমাদের প্রিণ্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

**দিন ২১:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২২:** আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত প্রকাশনাগুলির জন্য কেন্দ্রীয় সরকারের নথিভুক্ত পত্রিকার বিভিন্ন রীতিনীতিগুলো অন-লাইনে ফর্মগুলি পূরণ করতে তাঁর পরিচালনার জন্য।

**দিন ২৩:** আমাদের আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যার সমস্ত কর্মী এবং তাদের পরিবারকে সুরক্ষিত করার জন্য।

**দিন ২৪:** আমাদের আহ্বানের প্রতিধ্বনির ইউ টিউব মিডিয়া পরিচর্যার ৫ মিনিট বাণী প্রচারকে অসংখ্য সাক্ষ্যসহ আশীর্বাদ করার জন্য।

**দিন ২৫:** সেণ্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং বাইবেল করেসপণ্ডেস কোর্সগুলিকে তাঁর আশীর্বাদের জন্য।

**দিন ২৬:** আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা পরিচর্যায় সমর্পিত কো-অর্ডিনেটরদের খুঁজে পেতে সক্ষম করার জন্য।

**দিন ২৭:** মিশনক্ষেত্রে মহান প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

**দিন ২৮:** আমাদের আবাসিক এবং সান্ধ্য বাইবেল কলেজে নতুন শিক্ষার্থীদের পাইয়ে দেওয়ার জন্য।

**দিন ২৯:** বাইবেল করেসপণ্ডেস কোর্স এবং থিওলজিকাল করেসপণ্ডেস কোর্সের বৃদ্ধির জন্য।

**দিন ৩০:** ভেলাচেরীতে আমাদের নহিমিয় বাইবেল কলেজে মেট্রো ওয়াটার এবং সুয়েজ কানেকশন পেতে সক্ষম করার জন্য।

**অকটোবর ০১:** সমর্পিত সহযোগী সম্পাদকদের দিয়ে আমাদের পরিচর্যাকে আশীর্বাদ করার জন্য যারা আমাদের আহ্বানের প্রতিধ্বনি পত্রিকা পরিচর্যাকে সাহায্য করছেন।

**দিন ০২:** আমাদের প্রধান মণ্ডলী এবং শাখা মণ্ডলীগুলিতে রবিবারের উপাসনা সভায় ঈশ্বরের বাক্যের শক্তির জন্য।

**দিন ০৩:** আমাদের বরিষ্ঠ পালকের জন্য এবং বহুমুখী পরিচর্যা কাজের মাধ্যমে সুসমাচার প্রসারে তাঁর প্রতিশ্রুদিবদ্ধতার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ০৪:** ভারতের সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে পৌঁছাতে আমাদের সক্ষম করার জন্য।

**দিন ৫:** আমাদের সিনিয়ার পাস্টর এবং তাঁর পরিবারকে সমস্ত রকমের মন্দ শক্তির হাত থেকে রক্ষা করার জন্য।

**দিন ৬:** আমাদের অফিসের এবং প্রিণ্টিংয়ের কর্মীদের সুস্বাস্থ্যের জন্য।

**দিন ৭:** আমাদের সান্ধ্য এবং আবাসিক নহিমিয় কলেজের শিক্ষার্থীদের সুরক্ষার জন্য।

**দিন ৮:** এ মাসে ঈশ্বর যেন আমাদের সমস্ত প্রয়োজনগুলি পূরণ করেন।

**দিন ৯:** আমাদের পরিচর্যা সংক্রান্ত সম্প্রসারণ এবং সারা পৃথিবীতে সুসমাচার প্রচারের জন্য।

**দিন ১০:** আমাদের বরিষ্ঠ পাস্টরের আত্মজীবনী লেখার সাফল্যের জন্য।

**দিন ১১:** সারা পৃথিবীতে শান্তির জন্য।

**দিন ১২:** সারা পৃথিবীর মিশনারী কর্মীদের সুরক্ষার জন্য।

**দিন ১৩:** মণিপুরে ঈশ্বরের করুণা এবং অনুগ্রহ বর্ষণের জন্য এবং মেইতি ও কুকি আদিবাসী সমাজের মধ্যে শান্তির জন্য।

**দিন ১৪:** আমাদের ইংরাজী সহযোগী সম্পাদক রীচার্ড শমূয়েল এবং আমাদের মারাঠী সহযোগী সম্পাদক ব্রাদার শশীকান্ত তেওয়ারীর স্ত্রী, শ্রীমতি সুবার্তার দ্রুত আরোগ্যের জন্য।

**দিন ১৫:** সারা পৃথিবীর বিভিন্ন অংশে অর্থনৈতিক মন্দার সমাপ্তির জন্য।

**দিন১৬:** সারা পৃথিবীর লোকদের প্রাকৃতিক বিপর্যয়ের হাত থেকে স্বর্গীয় সুরক্ষার জন্য।

**দিন ১৭:** ঈশ্বর যেন সমস্ত দেশগুলিকে ঈশ্বর ভীরু নেতাদের দিয়ে আশীর্বাদ করেন।

**দিন ১৮:** নিপীড়িত লোকদের আর্থিক উন্নতির জন্য।

(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)

ভয় ছাড়া বড় করে তুলবো, যখন পলেষ্টীয়রা যে কোনও সময় আমাদের লুণ্ঠন করতে পারে? হে ঈশ্বর, কেন তুমি আমাকে এখানে রেখেছো?

ইস্‌হাকের মধ্যে যখন সন্দেহের এই মেঘ ঘনিভূত হয়েছিল, ঈশ্বর তাকে সেই একই বার্তা দিয়েছিলেন যা তিনি অব্রাহামকে দিয়েছিলেন। "...**আমি তোমার বাবা অব্রাহামের ঈশ্বর। ভয় কোরো না,কারণ আমি তোমার সাথে আছি; আমি তোমাকে আশীর্ব্বাদ করব এবং তোমার দাস অব্রাহামের খাতিরে আমি তোমার বংশধরদের সংখ্যা বৃদ্ধি করব**" (আদি ২৬:২৪)।

আজ, ইস্‌হাকের মতো, আমরা অব্রহামের সন্তান। আর ঈশ্বর আমাদের কাছে একই প্রতিজ্ঞা করেন যা তিনি অব্রাহাম এবং তাঁর বংশধরদের কাছে করেছিলেন "**আর তোমরা যদি খ্রীষ্টের হও, তাহলে তোমরা অব্রাহামের বংশ**..." (গালাতীয় ৩:২৯)। আমরা সেই একই ঈশ্বরের আরাধনা করি যিনি অব্রাহামের কাছে ঢাল হয়েছিলেন। আর তিনি পরাক্রমের সঙ্গে আমাদেরও সহবর্ত্তী!

আমাদের স্বর্গীয় পিতা আমাদের জীবনের প্রত্যেকটি পদক্ষেপ দেখেন। আর আমাদের সমস্ত সঙ্কট এবং সমস্যা সত্ত্বেও, তিনি শাস্ত্রে বারংবার আমাদের আদেশ দিয়েছেন: "ভয় কোরো না!" আমরা যেন বিশ্বাস না করি যে আমাদের সমস্যাগুলি আমাদের পতিত করবে এবং শেষ করে দেবে— কারণ আমাদের জানতে হবে যে তিনি আমাদের ঢাল।

"**হে ইস্রায়েল,তুমি ধন্য! তোমার মতো কে, যে জাতিকে সদাপ্রভু রক্ষা করেছেন? তিনি তোমার ঢাল ও সাহায্যকারী এবং তোমার গৌরবজনক তরোয়াল। তোমার শত্রুরা তোমার সামনে ভয়ে জড়সড় হয়ে থাকবে, আর তুমি তাদের উচ্চস্থলী পদদলিত করবে**" (দ্বিঃবিঃ ৩৩:২৯)। ঈশ্বর আমাদের বলছেন,"এটা মিথ্যা যে আমি তোমাকে পরিত্যাগ করেছি! এটা মিথ্যা যে আমি তোমার উপর উন্মত্ত হয়েছি এবং তোমার শত্রুদের বিরুদ্ধে মোকবিলা করার জন্য আমি তোমাকে একা ছেড়ে এসেছি। ঐ সমস্ত বিষয়গুলি শয়তানের মিথ্যা!"

**যারা তাদের পাপের সঙ্গে সংগ্রাম করছেন সেই সমস্ত খ্রীষ্টানদের উদ্দেশে আমার বক্তব্য!**

আপনি কি প্রতিদিন আপনার গোপন মাংসিক অভিলাষ অথবা অভ্যাসের নিদারণ যন্ত্রণা নিয়ে ঘুম থেকে জেগে ওঠেন? আপনি কি এই মারাত্মক চিন্তা নিয়ে জীবন যাপন করেন,"এই ভয়ঙ্কর বিষয়গুলো এখনও আমার জীবনে বেঁচে আছে"?

আপনার অন্তরের সমস্ত পাপের বিষয় ঈশ্বর জানেন। আর তিনি জানেন আপনি কত এটি ঘৃণা করেন এবং এই বিষয়ে আপনি কত ক্রন্দন করেছেন। এখন তিনি চান আপনি তাঁর এই কথা শুনুন: "ভীত হয়ো না! আমি তোমার ঢাল, তোমার রক্ষাকর্তা; তোমার প্রতিরোধ, সমস্ত শত্রুর বিরুদ্ধে আমি তোমার পবিত্রতার তরোয়াল। তোমার প্রলোভন থেকে বের হয়ে আসার পথ আমি জানি। আর আমি তোমাকে যুদ্ধ করতে শিখাবো!"

দাউদ এটি জানতেন। এই কারণে তিনি বলতে পারেন, "...**আমি কোনও অমঙ্গলের ভয় করব না**..." **(গীত ২৩:৪)**। তিনি উপলব্ধি করেছিলেন যে তিনি যদি ভয় পান তাহলে শয়তান বিজয়ী হবে।

প্রিয়তমেরা, ঠিক এই ভাবেই শত্রু আপনার বিরুদ্ধে কাজ করে। সে চায় আপনি আপনার পাপের বিষয় ভীত হন/ কখনও উদ্ধার না পাওয়ার বিষয় ভীত হন, কখনও স্বাধীন না হওয়ার বিষয় ভীত হন। কিন্তু আপনারা যারা অনুশোচনা করছেন, আপনারা যারা আহত তাদের উদ্দেশে ঈশ্বর বলেছেন," ভয় কোরো না! আমি তোমার সমস্ত ক্লেশের বিষয় দেখি এবং জানি। আর আমি শয়তানকে তোমাকে বিনষ্ট করার অনুমতি দেব না!"

আপনি জিজ্ঞাসা করতে পারেন, "কিন্তু আমাকে কী করতে হবে? এই সমস্ত বিষয়ে কীভাবে আমি প্রভুর শান্তি এবং বিশ্রাম পেতে পারি?"

মোশি এবং ইস্রায়েলের উদ্দেশে বলা ঈশ্বরের বাক্যের মধ্যে উত্তরটি পাওয়া যায়। তাদের সামনে সমুদ্র, পিছনে শত্রু এবং ঘুরে দাঁড়ানোর কোনও স্থান নেই, ঈশ্বর তাদের আদেশ দিয়েছিলেন: "**তোমরা ভয় পেয়ো না! শক্ত হয়ে দাঁড়াও এবং তোমরা দেখতে পাবে সদাপ্রভু কীভাবে তোমাদের রক্ষা করবেন। ...সদাপ্রভু তোমাদের হয়ে যুদ্ধ করবেন; তোমাদের শুধু স্থির হয়ে থাকতে হবে**" (যাত্রা ১৪: ১৩-১৪)।

"তোমাদের শুধু স্থির হয়ে থাকতে হবে" — এই শেষ উক্তিটির অর্থ কী? তোমাদের আর দুশ্চিন্তা করতে হবে না, তোমাদের আর সমস্ত কিছু সমাধান করার বিষয় চেষ্টা করতে হবে না — এবং ঈশ্বরের উপর নির্ভর না করে নিজে পথ তৈরী করতে হবে না। এই রকম সময় তিনি তাঁর নির্দেশনার বাক্য তোমাদের দেবেন, যেমন তিনি ইস্রায়েলীয়দের দিয়েছিলেন: "...**ইস্রায়েলীয়দের এগিয়ে যেতে বলো**" (যাত্রা ১৪:১৫)।

যিহোশূয়ও কঠিন শত্রুদের সম্মুখীন হয়েছিলেন। তিনি এবং তাঁর সৈন্যবাহিনীকে গিবিয়োনে যাবার জন্য সারারাত অভিযান করতে হয়েছিল, যেখানে তাদের পাঁচজন মিত্রতাবদ্ধ রাজাদের বিপুল সৈন্যবাহিনীর সম্মুখীন হতে হয়েছিল। যিহোশূয় যখন যুদ্ধক্ষেত্রের দিকে নীচের দিকে তাকিয়ে ছিলেন, তিনি সমগ্র সমস্থলীতে পরাক্রমী যুদ্ধরথে এবং সুপ্রশিক্ষিত পদাতিকবাহিনীতে পরিপূর্ণ দেখেছিলেন। অথচ তাঁর


নহিমিয় বাইবেল কলেজ
সান্ধ্যকালীন / আবাসিক কলেজ

চীপক এবং সন্তোষপুরম
মাধ্যম: তামিল

Registered Candidate for Membership
Asia Theological Association (ATA)
৫৩ বছর যাবৎ আন্তজার্তিক খ্রীষ্টিয় নেতৃবর্গ এবং বরিষ্ঠ পালকদের দ্বারা স্বীকৃত

Diploma in Ministry : One year
Diploma in Theology : Two years
Bachelor of Theology : Three years

শিক্ষগত যোগ্যতা: দশম শ্রেণী এবং তদুর্ধ
ভর্ত্তির জন্য সত্বর যোগাযোগ করুন!

Contact : The Chairman, Nehemiah Bible College.
10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.
Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858
E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org
⋆ ONLINE CLASSES ARE AVAILABLE ⋆

কাছে ছিল একদল অদক্ষ ভীত সন্ত্রস্ত পুরুষের দল।

এই মুহুর্তে, যিহোশূয়ের উপর নিশ্চয় হতাশার এক কালোমেঘ পুঞ্জীভূত হয়েছিল। সম্ভবতঃ তিনি ভাবছিলেন, " হেপ্রভু, আমরা এখানে আসতে চাইনি—আর এখন আমাদেরকে এই বলবান শত্রুদের সঙ্গে যুদ্ধ করতে হবে। অনুগ্রহ করে, আমাকে বলো—এখন আমাদের কী করতে হবে?"

শাস্ত্রে বলা হয়েছে: **"সদাপ্রভু যিহোশূয়কে বললেন,'ওদের ভয় পেয়ো না; ওদের আমি তোমার হাতে সমর্পণ করেছি। ওদের কেউই তোমার সামনে দাঁড়াতে পারবে না' "** (যিহোশূয় ১০:৮)।

যিহোশূয় যুদ্ধে যাওয়ার আগেই ঈশ্বর বিজয় ঘোষণা করেছিলেন। তিনি বলেছিলেন, "ইতিমধ্যেই জয়ী হয়েছো! এই শত্রুদের মধ্যে কেউই যুদ্ধের পর দাঁড়ানোর জন্য অবশিষ্ট থাকবে না। এখন, যাও এবং আমি তোমার জয়ের প্রতিজ্ঞা করেছি এটা অবগত হয়ে যুদ্ধ করো!"

এটাই ক্রুশীয় বার্তা! আমাদের জন্য ইতিমধ্যেই জয় সংরক্ষিত হয়েছে। আমরা যে সঙ্কটেরই সম্মুখীন হই না কেন, আমাদের সামনে যে শক্তিশালী সমস্যাই আসুক না কেন, আমাদের বিজয় সুনিশ্চিত: **"...তাঁরই মাধ্যমে আমরা এসব বিষয়ে বিজয়ী থেকেও বেশি বিজয়ী হয়েছি"** (রোমীয় ৮:৩৭)।

এর মানে কি এই যে আমাদের কিছুই করতে হবে না—আমাদের শুধু দাঁড়িয়ে থাকতে হবে এবং প্রত্যাশা করতে হবে যে আমাদের সমস্ত শত্রুদের হত্যা করার জন্য ঈশ্বর স্বর্গদূত পাঠিয়ে দেবেন? না—কখনও না! ঈশ্বর আমাদের বিজয় ঘোষণা করলেও, তিনি আমাদের পক্ষে যা করণীয় তা করবেন না। মোটের উপর,আমাদের **"বিশ্বাসের ঢাল গ্রহণ করতে হবে যাতে আপনি দুষ্টতার আত্মার সমস্ত অগ্নিবাণকে নির্বাপিত করতে পারবেন। আর পরিত্রাণের শিরস্ত্রাণ এবং আত্মার খড়্গ গ্রহণ করতে হবে, যা হচ্ছে ঈশ্বরের বাক্য"** (ইফিষীয় ৬:১৬,১৭)।

এখনও আমাদের শত্রুর সঙ্গে লড়াই করার জন্য তরোয়াল তুলে নিতে হবে। পার্থক্যটি হচ্ছে, এটা করার জন্য আমাদের শক্তিশালী করার উদ্দেশ্যে ঈশ্বর যে প্রতিজ্ঞাটি করেছেন আমাদের তা বিশ্বাস করতে হবে: **"...কিন্তু ঈশ্বরের ধন্যবাদ হোক, তিনি প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে আমাদের বিজয় দান করেন"** (১ করি ১৫:৫৭)!

পবিত্র আত্মা আমাদের বিশ্বাসের উদ্দেশে সাড়া দেন। আমরা যখন তাঁকে ডাকি, তখন তিনি আমাদের মাংসিক কার্যকলাপগুলিকে দমন করার জন্য অতিপ্রাকৃত ক্ষমতা সহকারে আমাদের উপরে আসেন। আমাদের অংশটি হচ্ছে বিশ্বাস করা এবং তারপর আমাদের এই বিশ্বাসে চলা যে ঈশ্বরের আত্মা আমাদের বিরুদ্ধে আসা মন্দের ক্ষমতাকে প্রতিরোধ করবেন।

**২। অতীতে ঈশ্বর কীভাবে আমাদের শত্রুদের পরাজিত করেছেন তা স্মরণ করতে তিনি আমাদের আদেশ দিয়েছেন!!**

মোশি ইস্রায়েলীয়দের নির্দেশ দিয়েছিলেন, তোমরা তাদের ভয় পাবে না, কিন্তু ফরৌণের, এবং সমগ্র মিশরের বিরুদ্ধে ঈশ্বর যা করেছিলেন সেই সমস্ত বিষয় তোমরা স্মরণ করবে: **"তোমরা নিজের চোখে সেই সকল পরীক্ষা দেখেছ, সেই চিহ্ন এবং অদ্ভুত লক্ষণ, সেই শক্তিশালী ও বিস্তারিত হাত, যার দ্বারা তোমাদের ঈশ্বর সদাপ্রভু তোমাদের বের করে এনেছেন। তোমরা এখন যে সকল লোকদের ভয় পাচ্ছ তাদের প্রতিও তোমাদের ঈশ্বর সদাপ্রভু সেইরকম করবেন"** (দ্বিঃবিঃ ৭:১৮-১৯)।

কি শক্তিশালী বার্তা! মোশি ইস্রায়েলীয়দের স্মরণ করিয়ে দিচ্ছিলেন, " তোমরা কোন্ কোন্ শত্রুদের সম্মুখীন হচ্ছো সেটা কোনও বিষয় নয়, ঈশ্বর ঐ সমস্ত শত্রুদের উপরে তোমাদের বিজয় দান করার প্রতিজ্ঞা করেছেন। তিনি তোমাদের পিতৃকুলপতিদের ফরৌণের হাত থেকে উদ্ধার করেছিলেন, এবং তিনি আজকের দিনে আপনার জন্যেও সেই একই কাজ করবেন!"

**"...যেন সারা জীবন মিশর থেকে বেরিয়ে আসার সময় তোমরা মনে রাখতে পারো"** (দ্বিঃবিঃ ১৬:৩)। **"মনে রাখবে তোমরাও মিশরে দাস ছিলে..."** (দ্বিঃবিঃ ১৬:১২)।

লোকদের উদ্দেশে মোশি বলেছিলেন,"অতীতের কথা স্মরণ করো! তোমরা যদি মনে করো এখানে প্রান্তরে তোমরা কঠিন সময় অতিবাহিত করছো, তাহলে মিশরে তোমরা যে ভয়াবহ অবস্থার সম্মুখীন হয়েছিলে সেই বিষয় চিন্তা করো। তোমরা যখন দাস ছিলে তখন তোমাদের জীবন যেমন ছিল সেই বিষয় ভুলে যেয়ো না। আর তোমাদের উদ্ধার করার জন্য - রক্ষা এবং পবিত্র করার জন্য ঈশ্বর যা করেছিলেন সেই প্রত্যেকটি বিষয় মনে রাখো!"

যারা ভয়ে পূর্ণ ছিল তাদের উদ্দেশে যিশাইয় ভাববাদীও ঈশ্বরের বাক্য বলেছিলেন। যখন তারা মনে করেছিল যে ঈশ্বর তাদের পরিত্যাগ করেছেন সেই সময় তিনি এই কথাগুলি বলেছিলেন। তাদের শত্রুরা তাদের প্রতি কি করতে পারে সেই ভয়ে তারা কম্পিত হয়েছিল। কিন্তু যিশাইয় তাদের আশ্বাস দিয়েছিলেন: **"...তোমরা কেন মর্ত্যমানবকে ভয় করছ, তারা তো মানবসন্তান, সবাই তৃণের মতো। তোমরা, তোমাদের সৃষ্টিকর্তা, সদাপ্রভুকে ভুলে যাচ্ছ, তিনিই আকাশমণ্ডলকে**


বিনামূল্যে মাসিক পত্রিকা
**আহ্বানের প্রতিধ্বনি**
লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।



## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | | |
|---|---|---|
| **Account Name** | : | **ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST** |
| **Account Number** | : | **1023 2923 805** |
| **Bank Name** | : | **STATE BANK OF INDIA** |
| **Branch** | : | **TRIPLICANE, CHENNAI - 600 005** |
| **IFSC Code** | : | **SBIN 0000249** |
| **SWIFT Code** | : | **SBI NIN BB 455** |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)

## দীর্ঘ দাড়িযুক্ত সুদর্শন পুরুষ

সদাপ্রভুর দূত গিদিয়োনের কাছে আবির্ভূত হয়ে বললেন, "হে বলবান যোদ্ধা, সদপ্রভু তোমার সহবর্তী" (বিচারকর্তৃগণ ৬:১২)

## HANDSOME MAN WITH LONG BEARD!

আমি চেন্নাইয়ে (মাদ্রাজে) আমার প্রথম মণ্ডলীর জন্য আমার ভাড়া ঘরের অধিকাংশ জায়গা ছেড়ে দিয়েছিলাম, যা আকবর সাহিব সড়কে অবস্থিত ছিল। আমাদের সমস্ত প্রতিবাসীরা ছিলেন মুসলিম ভাই যারা যীশু খ্রীষ্টের সুসমাচার ভালোবাসতেন না। কিন্তু ঈশ্বর আমাকে কেবল এই এলাকাতেই তাঁর কাজ করতে বলেছিলেন!

ব্যক্তিগত সুসমাচার প্রসারের সঙ্গে সঙ্গে আমার অন্যান্য সুসমাচার সংক্রান্ত কার্যকলাপ ছিল। প্রত্যেক রবিবার সকাল ৯টার সময় আমি উপাসনা সভা শুরু করতাম। উপাসনা সভায়, আমি আমার বাদ্যযন্ত্র, অ্যাকোডিয়ান সহযোগে গান করতাম এবং প্রভুর আরাধনা করতাম যাতে আমার মনে হতো যে আমার সামনে যেন বিশাল জনসমাগম হয়েছে। এর ফলে যে শব্দ হতো তা সাধারণ জনগণের সঙ্গে এলাকাবাসীদের পছন্দ ছিল না। সুতরাং প্রথম কয়েক বছর মণ্ডলীতে যোগদানের সংখ্যা প্রায় শূন্য ছিল বলা যায়।

১৯৮৪ সালের, একটি বিশেষ রবিবার, আমি মণ্ডলীর উপাসনার জন্য জায়গাটাতে সমস্ত বন্দোবস্ত করেছিলাম। আমি অত্যন্ত অধ্যবসায়ের সঙ্গে প্রার্থনা করেছিলাম এবং অপেক্ষা করছিলাম যেন প্রভু অন্তত কয়েক জন আত্মাকে উপাসনা সভায় পাঠিয়ে দেন। সেই নির্দিষ্ট দিন পর্যন্ত কেউ আসেনি, আমি আত্মাতে দুঃখিত হয়েছিলাম এবং শারীরিকভাবে ক্লান্ত হয়েছিলাম। সুতরাং আমি আমার ঘরের অন্য কক্ষে গিয়েছিলাম এবং ভগ্ন হৃদয়ে শুয়ে পড়েছিলাম।

সেই সময়,আমি একটা দর্শন পেয়েছিলাম। একজন বৃদ্ধ এবং দীর্ঘ দাড়িযুক্ত সুদর্শন ব্যক্তি প্রধান দ্বার দিয়ে আমাদের চার্চের মধ্যে প্রবেশ করেছিল। অসংখ্য লোক তাকে অনুসরণ করছিল। কিন্তু তাদের মুখগুলো স্পষ্ট দেখা যাচ্ছিল না। তিনি, তার লোকদের সঙ্গে চার্চের লাইট এবং পাখার সুইচগুলো অন করেছিলেন এবং জানুপাত করেছিলেন এবং প্রার্থনা এবং জীবন্ত ঈশ্বরের আরাধনা করতে শুরু করেছিলেন। যেহেতু শব্দ এতো তীব্র ছিল, আমি শুয়ে থাকতে পারিনি। সুতরাং আমি উঠেছিলাম এবং অত্যন্ত ভয় এবং সম্ভ্রমসহ কক্ষের মধ্যে প্রবেশ করেছিলাম। কিন্তু সেখানে কেউ ছিল না। হঠাৎ সেই ব্যক্তি এবং সমস্ত লোকেরা উধাও হয়ে গিয়েছিলেন।

কয়েক মিনিট পর, ঈশ্বরের এক দাস, রেভারেণ্ড ডঃ. বেভিন লরেন্স এবং তাঁর স্ত্রী মিসেস. সেরেনা বেভিন তাদের নবজাত শিশুটিকে নিয়ে চার্চে প্রবেশ করেছিলেন। তারা বলেছিলেন যে ঈশ্বরের আত্মা তাদেরকে আজ এই চার্চে আসতে বলেছিলেন। আরও কয়েক মিনিট পর আরও কয়েক জন নতুন লোকও এসেছিলেন এবং উপাসনা সভায় যোগদান করেছিলেন এবং তারপর থেকে ঈশ্বর আমাদের আরও অধিকভাবে আশীর্বাদ করতে শুরু করেছিলেন।

সব সময় আমাদের ঈশ্বর মঙ্গলময়। তিনি যে কোনও ব্যক্তির জীবনে যে কোনও সময়, এবং যে কোনও উপায়ে অলৌকিক কাজ করতে পারেন। আপনি আজই আপনার নিজের জীবনে স্বর্গীয় মধ্যস্থতার জন্য তাঁর উপর আস্থা রাখতে পারেন।

*******

**প্রসারিত করেছেন এবং পৃথিবীর ভিত্তিমূল সকল স্থাপন করেছেন। তোমরা প্রতিদিন অবিরত আতঙ্কে বাস করো উপদ্রবীর ক্রোধের কারণে, যারা বিনাশ করার জন্য প্রস্তুত হয়েছে? কারণ উপদ্রবীর ক্রোধ কোথায়?"** (যিশাইয় ৫১:১২-১৩)।

ঈশ্বর ভাববাদীর মাধ্যমে বলেছিলেন, " তোমাদের ভীত হওয়ার কারণ হচ্ছে তোমরা ভুলে গিয়েছো আমি কে। তোমরা তোমাদের উদ্ধার করার জন্য আমার পরাক্রম এবং সামর্থ দেখার পরিবর্তে তোমরা কেবল তোমাদের কষ্ট দেখছো। তোমরা ভুলে গিয়েছো যে এখনও তোমাদের জীবনের উপর আমার হাত আছে!"

আপনার জীবনে ঈশ্বরের অলৌকিক কাজ স্মরণ করার বিষয়টি কষ্টের হতে পারে। আপনি ভাবতে পারেন,"আমার জীবন একটা কঠিন দুঃস্বপ্নের মতো। আমার আনন্দ করার মতো তেমন কিছু নেই। কীভাবে আমি ঈশ্বরের অলৌকিক কাজগুলির বিষয় স্মরণ করতে পারি যখন আমি এরকম কোনও বিষয়ের অভিজ্ঞতা লাভ করিনি?"

আপনি উপলব্ধি করেছেন যে আমাদের অভিজ্ঞতাগুলি বিশ্বাসকে অনুপ্রাণিত করতে পারে। কিন্তু সেই অভিজ্ঞতাগুলি আমাদের বিশ্বাসের ভিত্তি নয়। এই কারণে ঈশ্বরের বাক্য সর্বদা দেখায় যে যীশু খ্রীষ্ট আমাদের জন্য কী করেছেন। আমরা ক্রুশের উপর আমাদের জন্য তাঁর বিজয় স্মরণ করতে পারি এবং বিশ্বাসে সেই বিষয়টিকে আঁকড়ে ধরতে পারি। তিনি একা তাঁর আত্মার দ্বারা বিজয়ের উদ্দেশে আমাদের শক্তিশালী করেন।

**যীশু খ্রীষ্ট বলেছিলেন,**
**"আমি পিতার কাছে ফিরে যাচ্ছি কিন্তু আমি তোমাদের অনাথ রেখে যাবো না"।**

যীশু খ্রীষ্ট তাঁর শিষ্যদের বলেছিলেন, **"যিনি আমাকে পাঠিয়েছেন, এখন আমি তাঁরই কাছে যাচ্ছি..."** ( যোহন ১৬:৫), **"আমি তোমাদের অনাথ রেখে যাব না..."** ( যোহন ১৪:১৮)। গ্রীক ভাষায় "অনাথ" শব্দটির অর্থ, শোকগ্রস্ত, পিতৃহীন"।

শিষ্যরা পরে এক সময় যেমন নিজেদের নিঃসঙ্গ মনে করেছিলেন সেই ভাবে আপনিও এক সময় নিঃসঙ্গ অনুভব করতে পারেন, এবং মনে করতে পারেন যে ঈশ্বর আপনার জন্য কাজ করছেন না। আপনি তাঁর তত্ত্বাবধানের কোনও প্রমাণ নাও দেখতে পারেন। আর শয়তান আপনার কাছে মিথ্যা কথা বলতে পারে যে ঈশ্বর আপনাকে ছেড়ে দিয়েছেন এবং আপনার বৃদ্ধ বয়েসে তিনি আপনাকে পরিত্যাগ করেছেন।

কিন্তু একটি অবিশ্বাস্য অলৌকিক কাজ আছে যা আপনি ভুলতে পারেন না। এটি হচ্ছে যীশুর অনুগামীদের কাছে তাঁর প্রতিজ্ঞা: **"আমি তোমাদের অনাথ রেখে যাব না! আমি তোমাদের জন্য মূল্য পরিশোধ করবো!! তোমরা আমার!!!"**

আপনি যে অবস্থার মধ্যে দিয়েই যান কেন কোন ব্যাপার নয়,আপনার স্বর্গীয় পিতা কখনও আপনার কোনও চিন্তাকে পরিত্যাগ করেন না এবং করবেন না। তাঁর অনন্তকালীন, অভগ্ন প্রতিজ্ঞাটি মন দিয়ে শুনুন:

**"কিন্তু সিয়োন বলল, "সদাপ্রভু আমাকে পরিত্যাগ করেছেন, প্রভু আমাকে ভুলে গিয়েছেন। দুধের শিশুকে কোনো মা কি ভুলতে পারে? তার গর্ভজাত সন্তানের প্রতি সে কি মমতা করবে না? সে তাকে ভুলে যেতেও পারে, কিন্তু আমি তোমাকে ভুলে যাব না! দেখো, তোমার আকৃতি আমার হাতের তালুতে খোদাই করা আছে; তোমার প্রাচীরগুলি সব সময়ই আমার সামনে আছে"** (যিশাইয় ৪৯:১৪-১৬)।

এই অনুচ্ছেদটি আমাদের বলে, "তোমাদের সুরক্ষার প্রয়োজন সর্বদা আমার চোখের সামনে আছে! এমন কোনও সময় নেই যখন তোমাদের চারিদিকে আমার অলৌকিক প্রাচীর রাখার বিষয় আমি সচেতন থাকি না!! সেখানে সর্বদা আমার সুরক্ষার বেড়া থাকে!!!"

আমি এরকম কয়েক জন মাকে জানি — এর মধ্যে পাস্টরদের স্ত্রীরাও অন্তর্ভুক্ত, যারা তাদের সন্তানদের ছেড়ে চলে গেছে। মাত্র কয়েক সপ্তাহ আগে একজন পাস্টর আমাকে লিখেছিলেন: "আমাদের পঁচিশ বছরের বৈবাহিক জীবন, কিন্তু ইন্টারনেটে কয়েক জন পুরুষের সঙ্গে মিলিত হয়ে আমার স্ত্রী সম্প্রতি আমাকে ছেড়ে চলে গেছে। সে আমাকে এবং আমার সন্তানদের ছেড়ে চলে গেছে। আমি এখনও তাকে ভালোবাসি, এবং আমি চাই সে ঘরে ফিরে আসুক,কিন্তু সে আসছে না। এখন আমি মারাত্মকভাবে আহত, আমি ঘুমাতে পারছি না। আমি জানি না কীভাবে আমার এই সমস্যার সমাধান হবে"।

ঈশ্বর এই লোকটিকে উত্তর দিচ্ছেন, "এমনকী তোমার ভালোবাসার স্ত্রীও তোমাকে ছেড়ে চলে যাবে—কিন্তু আমি কখনও তোমাকে ছেড়ে চলে যাব না। তোমার চারিদিকে আমার প্রাচীর সর্বদা অভেদ্য।

আমাদের পরিচর্যা অসংখ্য মহিলাদের কাছ থেকে চিঠি পায় যারা দশকের পর দশক ধরে মাতাল স্বামীদের সঙ্গে জীবনযাপন করছেন। আমি যখন তাদের হতাশার বিষয়গুলো পাঠ করি, তখন আমি জিজ্ঞাসা করি,"হে প্রভু, কেন এই বিশ্বস্ত মহিলাদের কোনও আশা ছাড়াই এতো দীর্ঘ সময় ধরে ভুগতে হচ্ছে?" আমি কখনও বুঝতে পারি না কেন আমার স্ত্রীকে এতো শারীরিক যন্ত্রণার মধ্যে দিয়ে কষ্ট পেতে হচ্ছে। তার ২৮টি অপারেশন হয়েছে, এর মধ্যে ৬টি ক্যানসার অপারেশন— ৪০ বছর আমার স্ত্রী এই ভয়ঙ্কর যন্ত্রণা ভোগ করছে। কোনও পরিচর্যাকারী অথবা ঈশতত্ত্ববিদ ব্যাখ্যা করতে সক্ষম হননি কেন সে অবিরত এতো কষ্ট পাচ্ছে।"

তথাপি, আমাদের মধ্যে যে কেউ যাই অবস্থার মধ্যে দিয়ে যাক না কেন,অথবা যত দিন আমাদের এটা সহ্য করতে হোক না কেন সেটা কোনও বিষয় নয়। সর্বোপরি, একটা বিষয় সত্য:

**এই সমস্ত বিষয়ের মধ্যে আমাদের ধরে রাখার জন্য ঈশ্বরের অনুগ্রহই যথেষ্ট**

প্রেরিত পৌল ঈশ্বরের কাছে ক্রন্দন করেছিলেন, "হে প্রভু, অনুগ্রহ করে আমার মাংসে এই কণ্টক থেকে আমাকে উদ্ধার করো!" কিন্তু প্রভু তাঁকে উত্তর দিয়েছিলেন, **"...আমার অনুগ্রহ তোমার পক্ষে যথেষ্ট..."** (২ করি ১২:৯)। ঈশ্বর তাঁর দাসকে বলেছিলেন, "পৌল, তোমাকে এই কণ্টক নিয়েই বাঁচতে হবে। কিন্তু তোমার যন্ত্রণার মধ্যে, তোমার প্রয়োজনীয় সমস্ত অনুগ্রহ আমি তোমাকে দেব। তোমার জন্য আমার কাছে অশেষ সরবরাহ আছে!"

প্রভু আমাদের অবগত করতে চান যে যেকোনও পরিস্থিতির থেকে উদ্ধার অপেক্ষা তাঁর অনুগ্রহ অনেক বেশি শক্তিশালী। কেন? তাঁর অনুগ্রহের মধ্যে তিনি কে সেই বিষয়ে পূর্ণ প্রকাশ আছে! সাধারণ ভাবে বলা যায়, ঈশ্বরের অনুগ্রহ যীশু খ্রীষ্ট—তাঁর পবিত্রতার মধ্যে, কোমল এবং সহানুভূতি হৃদয়সহ পূর্ণরূপে প্রকাশিত হয়েছেন।

আমাদের স্বর্গীয় পিতা আমাদের প্রত্যেকটি কষ্ট দেখেন এবং তিনি আমাদের কাছে এই অপূর্ব প্রতিজ্ঞাগুলি করেছেন:

**"ধার্মিকদের পরিত্রাণ সদাপ্রভুর কাছ থেকেই আসে; সঙ্কটকালে তিনিই তাদের আশ্রয় দুর্গ"** (গীত ৩৭:৩৯)।

**"...আমি কখনও তোমাকে ছেড়ে দেব না, কখনও পরিত্যাগ করব না তোমায়"। তাই আমরা আস্থার সঙ্গে বলতে পারি, "প্রভুই আমার সহায়,আমি ভীত হব না, মানুষ আমার কী করতে পারে?"** (হিব্রীয় ১৩:৫-৬)।

**"তাই ভয় কোরো না, কারণ আমি তোমার সঙ্গে আছি; হতাশ হোয়ো না, কারণ আমি তোমার ঈশ্বর। আমি তোমাকে শক্তি দেব ও তোমাকে সাহায্য করবো; আমার ধর্মময় ডান হাত দিয়ে তোমাকে ধরে রাখব।**

**যারা তোমার বিরুদ্ধে রেগে ওঠে, তারা অবশ্যই লজ্জিত ও অপমানিত হবে; যারা তোমার বিরোধিতা করে, তারা অসার প্রতিপন্ন হয়ে ধ্বংস হবে।**

**তুমি যদিও তোমার শত্রুদের খুঁজবে, তুমি তাদের সন্ধান পাবে না। যারা তোমার বিরুদ্ধে যুদ্ধ ঘোষণা করে, তাদের চিহ্ন খুঁজে পাওয়া যাবে না।**

**কারণ আমি সদাপ্রভু, তোমাদের ঈশ্বর, যিনি ধারণ করেন তোমার ডান হাত এবং তোমাকে বলেন, ভয় কোরো না; আমি তোমাকে সাহায্য করব।**

**"দরিদ্র ও নিঃস্ব লোকেরা জলের অন্বেষণ করে, কিন্তু কোনো জল পাওয়া যায় না; তাদের জিভ পিপাসায় শুকিয়ে গেছে। কিন্তু আমি ইস্রায়েলের ঈশ্বর, তাদের পরিত্যাগ করব না"** (যিশাইয় ৪১:১০-১৩,১৭)।

আপনি যে কোনও পরিস্থিতি, সঙ্কট অথবা বিপর্যয়ের ক্ষেত্রে এটি ব্যবহার করতে পারেন—যীশু খ্রীষ্টের অনুগ্রহের দ্বারা এই সমস্ত করতে পারেন। আপনার পথে যাই আসুক না কেন কোনও ব্যাপার নয়, আপনার সান্ত্বনার জন্য তাঁর পর্যাপ্ত অনুগ্রহ এবং পবিত্র আত্মা আছে!

**"সেই কারণে, ঈশ্বরের পরাক্রমী হাতের নিচে, নিজেদের নতনম্র আচরণ করো, যেন তিনি উপযুক্ত সময়ে তোমাদের উন্নত করেন"** (১ পিতর ৫:৬)।

**"তাই তোমরা তোমাদের নির্ভরতা ত্যাগ কোরো না, তা পর্যাপ্তরূপে পুরস্কৃত হবে"** (হিব্রীয় ১০:৩৫)।

*******

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/21-23 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/21-23

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

Branch : Triplicane, Chennai-5
Name : S. Sam Selva Raj
A/C No. : 1023 2934 679
IFSC : SBIN 00 00 249
SWIFT CODE : SBI NIN BB 455

### 2. Bank : ICICI Bank

Branch : Anna Salai, Chennai-6
Name : Echo of His Call
A/C No. : 6038 0502 2319
IFSC : ICIC 000 6038

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only )

Branch : Triplicane, Chennai-5
Name : Echo of His Call Educational Trust
A/C No. : 1023 2923 805
IFSC : SBIN 00 00 249

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা  **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

# ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

**YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO**

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/21-23
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/21-23
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 14th SEPTEMBER 2023
If un-delivered please return to:
**ECHO OF HIS CALL (BENGALI)**
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

***JESUS LOVES YOU!***

To

*GOD BLESS YOU!*

Owned and published by **S. Sam Selva Raj** from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by **S. Sam Selva Raj** at **Echo of His Call Printers**, New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: **S. Sam Selva Raj.**